ভোরের কাগজ

তারিখ 17 NOV 1997
পৃষ্ঠা ৮ কলাম ৪

চ.বি. ক্যাম্পাস আবার উত্তপ্ত

# শিবির ক্যাডারদের হামলায় ছাত্রলীগের ৩ কর্মী আহত

**চট্টগ্রাম অফিস :** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় স্টেশন চত্বরে গতকাল শিবিরের সশস্ত্র ক্যাডারদের হামলায় ছাত্রলীগের ৩ জন কর্মী আহত হয়েছে। গতকাল বিকেলে শিবির ক্যাডারদের আকস্মিক হামলার পর ক্যাম্পাস আবার উত্তপ্ত হয়ে উঠেছে। পরিস্থিতি সামাল দেওয়ার জন্য পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তারা অতিরিক্ত ফোর্স নিয়ে ক্যাম্পাসে পৌঁছেছে বলে জানা যায়।

পুলিশ এ ঘটনার পর সন্ধ্যা ৭টা থেকে রাত ১০টা পর্যন্ত ৪টি হল তল্লাশি করে ৩ জন শিবির কর্মীকে গ্রেপ্তার করেছে। রাতে পুলিশ এসপি আবদুল রউফ জানান, ধৃত শিবির ক্যাডাররা রাহাতুল ইসলামকে প্রহার করেছে, এবং তাদের বিরুদ্ধে আরো অভিযোগ রয়েছে।

বকুল হত্যার চিহ্নিত তিন আসামির নেতৃত্বে শিবিরের ক্যাডাররা বিকেল ৫টায় বিশ্ববিদ্যালয় স্টেশন চত্বরে ছাত্রলীগের কর্মী-সমর্থকদের ওপর দুদফা হামলা চালায়। স্টেশনে অবস্থানরত বিপুলসংখ্যক পুলিশ এ সময় নীরব ভূমিকা পালন করে বলে প্রত্যক্ষদর্শীরা জানায়। একটি সূত্র থেকে জানা গেছে, গতকাল সকালে বিশ্ববিদ্যালয়ের শাটল ট্রেনের মধ্যে শিবির কর্মী সন্দেহে একজন ছাত্রকে কয়েকজন ছাত্র চড় থাপ্পর দেয়। এ ঘটনার জের ধরে শিবির শক্তি সঞ্চয় করে স্টেশন চত্বরে ছাত্রলীগের কর্মী-সমর্থকদের ওপর হামলা চালায়।

চ.বি. স্টেশন চত্বরে হামলার প্রতিবাদে ছাত্রলীগ ক্যাম্পাসে বিক্ষোভ সমাবেশ করেছে।